মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মন্ত্রীর দপ্তর
প্রেস বিজ্ঞপ্তি

নং-২০২৩/১২/৭-১

জলবায়ু উপযোগী প্রাণিসম্পদ উৎপাদনে গবেষণা কেন্দ্র স্থাপন করছে সরকার
- মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী

ঢাকা, ৭ ডিসেম্বর ২০২৩ (বৃহস্পতিবার)

দেশের জলবায়ু উপযোগী প্রাণিসম্পদ উৎপাদনের লক্ষ্যে সরকার গবেষণা কেন্দ্র স্থাপন করছে বলে জানিয়েছেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী শ ম রেজাউল করিম।

বৃহস্পতিবার (৭ ডিসেম্বর) সকালে সচিবালয়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই)-এর পরিচালনা বোর্ডের ৪৭ তম সভায় মন্ত্রী একথা জানান। বিএলআরআই পরিচালনা বোর্ডের চেয়ারম্যান হিসেবে সভায় সভাপতিত্ব করেন মন্ত্রী।

এ সময় মন্ত্রী আরও বলেন, বৈশ্বিক জলবায়ু পরিবর্তনে ক্ষতিগ্রস্ত দেশগুলোর মধ্যে বাংলাদেশ অন্যতম। তাই দেশের জলবায়ু উপযোগী প্রাণিসম্পদের উৎপাদনে বর্তমান সরকার অত্যন্ত গুরুত্ব দিচ্ছে। এজন্য বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই)-এর আওতায় জলবায়ু সহিষ্ণু প্রাণিসম্পদ উৎপাদন গবেষণা কেন্দ্র স্থাপনের উদ্যোগ নেয়া হয়েছে। বিএলআরআই এরঅ পরিচালনা বোর্ডের সভায় এ সংক্রান্ত অনুমোদন দেওয়া হয়েছে।

তিনি আরও জানান, দেশের বিভিন্ন জাতীয় পরিকল্পনায় আবহাওয়া উপযোগী প্রাণিসম্পদ উৎপাদনে প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে পরিবেশের সুরক্ষার কথা বলা হয়েছে। পাশাপাশি পরিবর্তিত আবহাওয়ায় প্রাণিসম্পদের উৎপাদন দক্ষতা বাড়িয়ে মানুষের খাদ্য ও পুষ্টি নিরাপত্তা অর্জনের বিষয়ে গুরুত্ব দেয়া হয়েছে। প্রাণিসম্পদের উৎপাদন থেকে গ্রীন হাউজ গ্যাস নির্গমন কিভাবে কমানো যায় তার উপর সময়োপযোগী গবেষণা করা দরকার। পাশাপাশি পরিবর্তিত জলবায়ুর সাথে প্রাণিসম্পদকে কিভাবে খাপ খাওয়ানো যায় এবং উৎপাদন দক্ষতা ধরে রাখা যায় সেটি নিয়েও এখন গবেষণা প্রয়োজন। এ জন্য জলবায়ু সহিষ্ণু প্রাণিসম্পদ উৎপাদনে গবেষণা কেন্দ্র প্রতিষ্ঠা অত্যন্ত জরুরি।

মন্ত্রী আরও বলেন, দেশের উন্নয়নে প্রাণিসম্পদ খাত অত্যন্ত গুরুত্বপূর্ণ। সরকারের পৃষ্ঠপোষকতায় দেশের প্রাণিসম্পদ খাতে বৈপ্লবিক উন্নয়ন হয়েছে। এ খাতে গবেষণার পরিধি বেড়েছে। গবেষণার আরও উন্নয়নের মাধ্যমে এ ধারাবাহিকতা অক্ষুণ্ন রাখতে হবে।

বিএলআরআই পরিচালনা বোর্ডের ভাইস চেয়ারম্যান ও মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব ড. নাহিদ রশীদ, বোর্ড সদস্য ও বিএলআরআই-এর প্রাক্তন মহাপরিচালক ড. মো. জাহাঙ্গীর আলম খান, বোর্ড সদস্য ও বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, বোর্ড সদস্য ও প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালক ডা. মো. এমদাদুল হক তালুকদার, বোর্ড সদস্য সচিব ও বিএলআরআই-এর মহাপরিচালক ড. এস এম জাহাঙ্গীর হোসেন, বোর্ড সদস্য ও অর্থ মন্ত্রণালয়ের যুগ্মসচিব মোহাম্মদ আজাদ ছাল্লাল, বোর্ড সদস্য ও বিএলআরআই-এর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. শাকিলা ফারুক, বোর্ড সদস্য ও বিএলআরআই-এর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. জিল্লুর রহমান সভায় উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-
মোঃ ইফতেখার হোসেন
জনসংযোগ কর্মকর্তা
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মোবাইলঃ ০১৭৭৫২২৫৬৯০।